# অপরাধীদের জামিন ঠেকাতে নতুন আইন প্রয়োজন: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

অপরাধীদের দ্রুত জামিন পাওয়ার সুযোগ ঠেকাতে নতুন আইন প্রণয়নের প্রয়োজন রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। একই সঙ্গে অপরাধ নিয়ন্ত্রণে সরকারের পাশাপাশি গণমাধ্যমকর্মীদের আরও সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন তিনি।

বুধবার (১৬ সেপ্টেম্বর) রাজধানীর সেগুনবাগিচায় ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্র্যাব) ৪৩তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী।

সালাহউদ্দিন আহমদ বলেন, বিশ্বজুড়ে প্রযুক্তির ব্যবহার দ্রুত বাড়ছে। এর সঙ্গে অপরাধের ধরনেও পরিবর্তন এসেছে। বিশেষ করে সাইবার স্পেসে বিভিন্ন ধরনের অপরাধ বাড়ছে।

দেশে সংঘটিত অনেক অপরাধের সঙ্গে জুয়া ও মাদকের সম্পৃক্ততার কথা উল্লেখ করে তিনি বলেন, কোনো অপরাধকে বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখলে চলবে না। অপরাধের পেছনে কী কারণ রয়েছে এবং কেন তা ঘটছে তা খুঁজে বের করে বিশ্লেষণ করা প্রয়োজন।

সময়ের পরিবর্তনের সঙ্গে সমাজের প্রয়োজনও বদলাচ্ছে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, অপরাধ নিয়ন্ত্রণে বিদ্যমান আইনগুলোও প্রয়োজন অনুযায়ী সংশোধন ও পরিবর্তন করা দরকার।

LENS ASIA